আজকের কাগজ

তারিখ ... 21 SEP 1993 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

১৫৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি স্বরাষ্ট্র ও শিক্ষামন্ত্রী পদত্যাগের দাবির সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নারকীয় ঘটনার নিন্দা করে ঘটনার জন্যে দায়ী ব্যক্তিদের শাস্তি দাবি করেছে। গতকাল সমিতির এক জরুরি সাধারণ সভায় এ দাবি করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করা হয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগসহ যে সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে এ সভা তার সঙ্গে একাত্মতা প্রকাশ করছে।

সভায় গৃহীত প্রস্তাবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সব প্রভোস্ট পদত্যাগ করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করা হয় এবং 'আজকের কাগজ'-এ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যে এ ধরনের ঘটনা ঘটতে পারে তার পূর্বাভাস দেয়া সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় এলাকায় পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা না নেয়ায় গভীর ক্ষোভ প্রকাশ করা হয়।

অপর এক প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় যাতে কোনোরকম উস্কানিমূলক এবং উচ্ছৃংখল ঘটনা না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্যে এ সভা সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছে।

সভায় গৃহীত প্রস্তাবে ক্ষোভ প্রকাশ করে বলা হয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসী ঘটনা এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন পরিচালিত কর্মসূচি সম্পর্কে জাতীয় সংসদে গত ১৫-৯-৯৩ তারিখে সরকারি দলের সংসদ সদস্যরা যে বক্তব্য দিয়েছেন তা অত্যন্ত দুঃখজনক এবং শিক্ষক সমাজের কাছে গ্রহণযোগ্য নয়। খবর বিজ্ঞপ্তি।